# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৬১

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৩. খাওয়া শেষ করার পর দু’আ

بَاب الدُّعَاءِ بَعْدَ الْفَرَاغِ مِنْ الطَّعَامِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْقَاسِمِ الْأَسَدِيُّ حَدَّثَنَا ثَوْرٌ عَنْ خَالِدِ بْنِ مَعْدَانَ عَنْ أَبِي أُمَامَةَ قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَكَلَ أَوْ شَرِبَ قَالَ الْحَمْدُ لِلَّهِ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ غَيْرَ مَكْفُورٍ وَلَا مُوَدَّعٍ وَلَا مُسْتَغْنًى عَنْ رَبِّنَا

## বাংলা

২০৬১. আবূ উমামাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, যখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোনো কিছু খেতেন কিংবা পান করতেন, তখন তিনি বলতেনঃ “আলহামদু লিল্লাহি হামদান কাছিরান ত্বয়্যিবান মুবারাকান ফীহি গইরা মাকফুরীন, ওয়ালা মুয়াদ্দাঈন, ওয়ালা মুসতাগনান আন রব্বিনা।” (অর্থ: পবিত্র বারাকাতময় অনেক অনেক প্রশংসা আল্লাহর জন্য। হে আমাদের রব, এথেকে কখনো মুখ ফিরিয়ে নিতে পারব না, বিদায় নিতে পারব না এবং এ থেকে বেপরওয়া হতেও পারব না।)[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: মুহাম্মদ ইবনুল কাসিমকে ‘মিথ্যাবাদী’ আখ্যা দেয়া হয়েছে। তবে হাদীসটি সহীহ।

তাখরীজ: বুখারী, আত’ইমাহ নং ৫৪৫৮, ৫৪৫৯।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫২১৭ তে। এছাড়াও, বাইহাকী, শুয়াবুল ঈমান নং ৬০৩৮; আবূশ শাইখ, আখলাকুন্নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পৃ: ২২০; তিরমিযী, শামাইল নং ১১৩।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82344

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন